

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন এনেক্স বিল্ডিং
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
www.boiler.gov.bd

নম্বর : ৩৬.১১.০০০০.০০১.১৬.০৫৫.১৬.৫১

তারিখ : ২১/০১/২০২০খ্রি.

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ বিজ্ঞপ্তি

দ্বিতীয় শ্রেণির বয়লার পরিচারক যোগ্যতা সনদ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীদেরকে জানানো যাচ্ছে যে, পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় হতে আবেদন ফরম বিতরণ ও গ্রহণ করা হবে:

| কার্যক্রম | তারিখ | সময় |
|-----------|--|--------------------|
| ফরম বিতরণ | ২২/০১/২০২০খ্রি. হইতে ১০/০২/২০২০খ্রি. পর্যন্ত | অফিস চলাকালীন সময় |
| ফরম গ্রহণ | ২৩/০১/২০২০খ্রি. হইতে ১১/০২/২০২০খ্রি. পর্যন্ত | অফিস চলাকালীন সময় |

দ্বিতীয় শ্রেণির প্রার্থীর জন্য আবেদনের শর্তাবলী:

- প্রার্থীর বয়স ২২/০১/২০২০খ্রি. তারিখে ন্যূনতম ২১ (একুশ) বছর হতে হবে।
- প্রার্থীকে বয়লারে শিক্ষানবিশ হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

জ্ঞাতব্যঃ প্রার্থীকে ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে।

- বয়লারের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক জানুয়ারী/ফেব্রুয়ারী ২০২০খ্রি. মাসে ইস্যুকৃত অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি।
- বয়স প্রমাণের জন্য এসএসসি পাসের সনদপত্র (যদি থাকে) / জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- প্রার্থীর নাগরিকত্ব ও চরিত্রগত সনদপত্রের ফটোকপি।
- প্রার্থীর সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি ছবি।
- ৫০০/- (পাঁচশত) টাকা ব্যাংকে জমাকৃত চালানের মূল কপি। (চালানের কোড নং- ১-৩৯৩১-০০০০-২০৩১)।

(মোঃ হুমায়ুন কবীর)

বয়লার পরিদর্শক

ও

সদস্য সচিব

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ

বিশেষ দৃষ্টব্য :

- প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ওয়েব সাইট হতে আবেদন ফরম ডাউনলোড করেও আবেদন করা যাবে।
- ভুল তথ্য সম্বলিত অথবা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- আবেদন পত্রের তৃতীয় অংশে একজন গেজেটেড কর্মকর্তা/অনারারী ম্যাজিস্ট্রেটের সম্মুখে আবেদনকারীকে স্ব-হস্তে স্বাক্ষর করতে হবে যা উক্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে।
- আবেদনপত্রের চতুর্থ অংশে প্রতিপাদনকারীর অনুস্বাক্ষর অংশে প্রার্থী যার নিকট থেকে অভিজ্ঞতা সনদ গ্রহণ করবেন তার অনুস্বাক্ষর নিতে হবে।
- প্রার্থীদের প্রথমে বয়লার বিষয়ক ব্যবহারিক তথ্যের উপর লিখিত এবং পরে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- লিখিত পরীক্ষার যোগ্য, অযোগ্য প্রার্থীদের তালিকা এবং পরীক্ষার স্থান ও তারিখ অত্র দপ্তরের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- কেহ পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত মিথ্যা বিবৃতি প্রদান/মিথ্যা প্রশংসাপত্র দাখিল করিলে বিধি মোতাবেক তাকে শাস্তি/ফৌজদারীতে সোপর্দ করা হবে।
- কোন রকম তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।